

যুগান্তর

হোসেনপুরে শিক্ষকের অবহেলায় পরীক্ষা দেয়া হল না ৭ শিক্ষার্থীর

প্রকাশ : ০৩ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



হোসেনপুর (কিশোরগঞ্জ) প্রতিনিধি

কিশোরগঞ্জের হোসেনপুরে শিক্ষকের অবহেলায় এসএসসি ভোকেশনাল প্রথম সেমিস্টার পরীক্ষায় অংশ নিতে পারেনি সাত পরীক্ষার্থী। রেজিস্ট্রেশন ও প্রবেশপত্র না পাওয়ায় পরীক্ষার্থীরা এ পরীক্ষায় অংশ নিতে পারেনি বলে জানা গেছে। শনিবার সকালে হোসেনপুর পাইলট বালিকা উচ্চবিদ্যালয় কেন্দ্রে এ ঘটনা ঘটে।

অভিভাবকদের অভিমত, শিক্ষকদের চরম উদাসীনতার কারণেই তারা পরীক্ষায় অংশ নিতে পারেনি। এ ধরনের কর্মকাণ্ডে তারা চরম ক্ষোভ প্রকাশ করেছেন। পরীক্ষায় অংশ নিতে না পারা শিক্ষার্থীরা হল- আশরাফ উদ্দিন, রবিউল আওয়াল রবিন, মাহমুদ হাসান, রানা হামিদ, নাহিদ হাসান, সোহান মিয়া, আমান উল্লাহ তামিম। আইডিয়াল স্কুলের প্রধান শিক্ষক আতাউর রহমান বলেন, আমার প্রতিষ্ঠানটি এমপিও না হওয়ায় আকবর আলী কারিগরি স্কুল অ্যান্ড কলেজের সাবেক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. মোস্তফার সঙ্গে কথা বলে তার কাছে কাগজপত্র জমা দিই। তিনি শনিবার সকালে প্রবেশপত্র দেয়ার প্রতিশ্রুতি দেন। কিন্তু সকাল থেকেই তার মুঠোফোন বন্ধ পাওয়া যায়।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।